

“The Change you desire/we dream is being taken place”

লৌহজং পাইলট উচ্চ বিদ্যালয়

লৌহজং, মুন্সীগঞ্জ

শিক্ষাবর্ষ- ২০২৬ খ্রি.

সম্পূর্ণ ডিজিটাল পাইলট স্কুল

web site: www.lmphschool.stitbd.net

বদলে যাচ্ছে পাইলট স্কুল! ঘুরে দাড়াচ্ছে পাইলট স্কুল!! আসছে ফিরে হারানো ঐতিহ্য!!!

- ❖ সকল শ্রেণি কক্ষ CC ক্যামেরা দ্বারা নিয়ন্ত্রিত।
- ❖ সমস্ত ক্যাম্পাস CC ক্যামেরার আওতাভুক্ত।
- ❖ শিক্ষার্থী- শিক্ষক- কর্মচারী সকলেরই ডিজিটাল মেশিনে Finger Print System এ হাজিরা নেওয়া হয়।
- ❖ অনুপস্থিত ও স্কুল পালানো শিক্ষার্থীর অভিভাবকের মোবাইলে তাৎক্ষণিক SMS প্রেরণ ও ব্যবস্থা গ্রহণ।
- ❖ সন্তানের রেজাল্ট, হাজিরা, অগ্রগতি দেনা-পাওনা সকল তথ্য ঘরে বসে বিদ্যালয়ের website এর মাধ্যমে মোবাইল, ল্যাপটপ ও কম্পিউটারে দেখার সুযোগ।

অভিভাবকদের করণীয়

- সন্তানের দুই সেট ড্রেস চলমান রাখতে হবে। ইস্ত্রি করা পরিচ্ছন্ন ড্রেস পরিয়ে স্কুলে পাঠাতে হবে। Proper Uniform ব্যতীত ক্যাম্পাসে প্রবেশ করতে দেওয়া হবে না।
- প্রতিদিনই স্কুলে পাঠাতে হবে। ছুটি প্রয়োজন হলে অভিভাবক নিজে বিদ্যালয়ে এসে ছুটি মঞ্জুর করাতে হবে। দৈবাৎ দুর্ঘটনা ব্যতীত সকল ছুটি অগ্রিম মঞ্জুর করাতে হবে। দৈবাৎ দুর্ঘটনা জনিত ছুটি প্রমান স্বাপেক্ষে মঞ্জুর করাতে হবে।
- ছেলেদের চুল কেটে ভদ্রচিত্র ছোট রাখতে হবে। কোন ধরনের অশালীন স্টাইলের হেয়ার কাট চলবে না।
- ব্যাগ, খাতা, কলম, জ্যামিতি বক্স, পানির বোতলসহ সকল শিক্ষা সামগ্রী কিনে দিতে হবে।
- বাসায় পড়ালেখা করার নিরিবিলি পরিবেশ দিতে হবে। সন্ধ্যায় মাগরিবের নামাজ শেষে(অন্য ধর্মের সান্ন্য উপাসনা শেষে) অবশ্যই সন্তানকে পড়ার টেবিলে বসাতে হবে।
- রাত ১১ টা থেকে ১২ টার মধ্যে বিছানায় যাবে (১১ টার পূর্বে নয় ১২ টার পরে নয়)।
- সকালে ফজরের নামাজ শেষে (অন্য ধর্মের প্রাত উপাসনা শেষে) অবশ্যই পড়ার টেবিলে বসাতে হবে।
- SSC পাশ করার আগে Personal মোবাইল ফোন কিনে দিবেন না।
আপনার শুধু এই টুকু তদারকির কারনে সে আপনার শ্রেষ্ঠ সম্পদে পরিণত হবে।

শিক্ষার্থীদের করণীয়

- ✓ ভোরে ঘুম থেকে উঠবে। সর্বপ্রথমে ইংরেজি বিষয় দিয়ে সকালের পড়া শুরু করতে হবে।
- ✓ যথাযথ স্কুল ড্রেস পরিধান করে স্কুলে আসতে হবে।
- ✓ ছেলেদের Hair Cut যথাযথ থাকতে হবে।
- ✓ প্রয়োজনীয় বই, খাতাসহ পানির বোতল ও হোম মেইড টিফিন (বক্স) সঙ্গে নিয়ে আসতে হবে।
- ✓ সকাল ৯.২০ থেকে ৯.৪০ এর মধ্যে ক্যাম্পাসে প্রবেশ করতে হবে।
- ✓ প্রাত্যহিক সমাবেশে অংশগ্রহণ করে নিজের সেরাটা প্রয়োগ করতে হবে।
- ✓ শ্রেণি কক্ষ থেকে বের হয়ে বারান্দায় বা মাঠে ঘোরা ঘুরি করা যাবে না।
- ✓ অগ্রিম ছুটি মঞ্জুর করা ব্যতীত কোন ক্রমে ক্লাসে অনুপস্থিত থাকা চলবে না। দৈবাৎ দুর্ঘটনা জনিত অনুপস্থিতির প্রমান স্বাপেক্ষে ছুটি মঞ্জুর করাতে হবে।
- ✓ ক্লাস থেকে পালিয়ে গেলে কিংবা অন্যের সাথে কলহ বা মারামারি করলে T.C দিয়ে বিদ্যালয় থেকে বের করে দেওয়া হবে। এই ক্ষেত্রে কোন সুপারিশ গ্রহণ করা হবে না।
- ✓ ক্লাসেই পড়া বুঝে নিতে হবে। সরকারি ঘোষণা অনুযায়ী প্রাইভেট বা কোচিং সেন্টারে অর্থ ও সময় ব্যয় করার মানসিকতা পরিহার করতে হবে।
- ✓ বিকালে খেলাধুলা করতে হবে। সন্ধ্যার পরই পড়তে বসতে হবে।
- ✓ বিদ্যালয়ের অন্যান্য সকল নিয়ম মেনে চলতে হবে।
- ✓ বিদ্যালয়ে মোবাইল ফোন আনা সম্পূর্ণ নিষিদ্ধ। কারো কাছে মোবাইল ফোন পাওয়া গেলে তা বাজেয়াপ্ত করা হবে।

স্কুল ড্রেসের বর্ণনা

- বালক : ১। হালকা আকাশী শার্ট: হাফহাতা- ২ সেট (গরম কালে), ফুলহাতা- ২ সেট (শীত কালে)
২। নেভী ব্লু ফুল প্যান্ট-- ২ সেট
৩। সাদা কেডস জুতা-- ২ জোড়া
৪। কোমর বন্ধ/বেল্ট (কালো)
৫। নেইম প্লেট, মনোগ্রাম সংযোজন করতে হবে। (বিদ্যালয়ে পাওয়া যাবে)
৬। শার্টের কাধের মনোগ্রাম থাকতে হবে।

বালিকা: ১। সেলোয়ার সাদা - ২সেট (নমুনা অনুসারে)

- ২। কামিজ হালকা আকাশী - ২ সেট (নমুনা অনুসারে)
৩। বড় ওড়না, কেচি ওড়না, স্কার্ফ সবই সাদা হতে হবে।
৪। বোরকা পরলে অবশ্যই কামিজের কাপড়ের (হালকা আকাশী) বোরকা তৈরী করে পরতে হবে। অন্য কোন রঙের বোরকা পরা যাবে না।
৫। কেডস সাদা (জুতা)- ২ জোড়া
৬। শীত কালে ফুল হাতা নেভী ব্লু সোয়েটার।
৭। নেইম প্লেট, মনোগ্রাম সংযোজন করতে হবে। (বিদ্যালয়ে পাওয়া যাবে)

[বি.দ্র. জুতা বা কেডস ব্যতীত স্যাডেল পরে স্কুলে আসা যাবে না।]

বেতনাদি পরিশোধের নিয়মাবলী- ২০২৬

প্রতি রবি, সোম ও মঙ্গলবার সকাল ৯.০০ থেকে ১২.০০ পর্যন্ত বেতন দেওয়া যাবে। যে মাসের বেতন সেই মাসেই পরিশোধ করতে হবে। এক মাস বিলম্ব হলে পরবর্তী মাসে ৫০ টাকা জরিমানাসহ পরিশোধ করতে হবে। দুই মাস বিলম্ব হলে ১০০ টাকা জরিমানাসহ পরিশোধ করতে হবে। পরপর তিন মাস বিলম্ব হলে নাম কর্তন করা হবে এবং এক মাসে সমপরিমাণ বেতন দিয়ে পুনঃভর্তি হতে হবে।

বেতন, সেশন চার্জ ও বিভিন্ন ফি- এর পরিমাণ :

শ্রেণি	সেশন চার্জ	মাসিক আইসিটি চার্জ	মাসিক পানি+বিদ্যুৎ চার্জ	মাসিক বেতন	পরীক্ষার ফী	
৬ষ্ঠ	১,৫০০/= টাকা	৫০/= টাকা	৫০/= টাকা	৪০০/= টাকা	ধা. মূল্যায়ন-- ২০০/=	অর্ধবার্ষিক/বার্ষিক--৬০০/=
৭ম	২,০০০/= টাকা	৫০/= টাকা	৫০/= টাকা	৫০০/= টাকা	ধা. মূল্যায়ন -- ২৫০/=	অর্ধবার্ষিক/বার্ষিক --৭০০/=
৮ম	২,০০০/= টাকা	৫০/= টাকা	৫০/= টাকা	৫০০/= টাকা	ধা. মূল্যায়ন -- ২৫০/=	অর্ধবার্ষিক/বার্ষিক --৭০০/=
৯ম	২,২০০/= টাকা	৫০/= টাকা	৫০/= টাকা	৬০০/= টাকা	ধা. মূল্যায়ন -- ৩০০/=	অর্ধবার্ষিক/বার্ষিক --৮০০/=
১০ম	২,২০০/= টাকা	৫০/= টাকা	৫০/= টাকা	৬০০/= টাকা	ধা. মূল্যায়ন -- ৩০০/=	অর্ধবার্ষিক/বার্ষিক --৮০০/=

আবেদনের মাধ্যমে ছুটি মঞ্জুর করাতে হবে। অনুপস্থিত জরিমানা প্রতিদিন ৩০ টাকা এবং স্কুল পালালে প্রতিবার ১০০ টাকা জরিমানা দিতে হবে।]

নির্দেশক্রমে

(শেখ মোঃ ফেরদাউস হিলাল)

প্রধান শিক্ষক